দৈনিক
ইত্তেফাক

তারিখ: 08 APR 2015
পৃষ্ঠা: ৭ কলাম: ৭

# প্রান্নাথপুর হাইস্কুলে ঝুঁকিপূর্ণ ভবন

■ আদমদীঘি ও রানীনগর (নওগাঁ) সংবাদদাতা

বগুড়ার আদমদীঘি উপজেলার শেষ সীমান্ত ও রানীনগর উপজেলার পার্শ্ববর্তী প্রান্নাথপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ে শ্রেণী কক্ষের সংকটে ঝুঁকিপূর্ণ পরিত্যক্ত ভবনে চলছে পাঠদান। আর এ ভবন যে কোন সময় ভেঙ্গে বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা করছেন বিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী, অভিভাবক ও সচেতন মহল।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. দেলোয়ার হোসেন জানান, ১৯৭৪ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠাকালীন সময়ের টিনসেডের ছোট ছোট ৮টি কক্ষ তৈরি করা হয়। পরবর্তীতে বিদ্যালয়ের পশ্চিম দিকে ২ কক্ষ বিশিষ্ট একতলা ভবন তৈরি করা হলেও সংস্কারের অভাবে বর্তমানে তা ব্যবহারের উপযোগী না হলেও সেখানে পাঠদান করাতে বাধ্য হচ্ছে কর্তৃপক্ষ। এদিকে মাধ্যমিক পর্যায়ে এখনও এমপিওভুক্ত না হওয়ায় মানবেতর জীবন যাপন করতে হচ্ছে বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের।

বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি মো. কামাল হোসেন জানান, বিদ্যালয়ের এ অবস্থা সম্পর্কে একাধিকবার ওপর মহলকে লিখিতভাবে জানানো হয়েছে। কিন্তু কোন ফল পাওয়া যায়নি। বিদ্যালয়টি উপজেলার শেষ সীমানায় অবস্থিত হওয়ায় আমরা সকল সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত। স্থানীয়ভাবে সাধ্যমত উন্নয়নের চেষ্টা করে যাচ্ছি। তবে সরকারিভাবে অনুদান পাওয়া না গেলে আধুনিক মান সম্পন্ন বিদ্যালয় করা সম্ভব নয়।

আদমদীঘি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কাজী মো. মনোয়ারুল হাসান জানান, বিদ্যালয়ের সমস্যা চিহ্নিত করে সংশ্লিষ্ট বিভাগকে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য জানানো হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা রেজাউল ইসলাম জানান, দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।